

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৬০.২০২৩. ৫৭৫

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৬ অক্টোবর ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাম্মদ ইউনুস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরগঞ্জ, কুমিল্লা, প্রাক্তন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম এর বিরুদ্ধে প্রধান শিক্ষক নিয়োগে নির্বাচন কমিটির সদস্য থাকাবস্থায় গত ০৮/০৫/২০১৫ তারিখ অনুষ্ঠিত প্রধান শিক্ষক নিয়োগের জন্য লিখিত পরীক্ষায় একজন প্রার্থী জনাব মো: কালাম উদ্দিনকে প্রদত্ত নম্বর ওভার রাইটিং করে বর্ধিত করা এবং মৌখিক পরীক্ষায় অসামঞ্জস্যপূর্ণ নম্বর প্রদানের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম ও দুর্নীতি অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা বুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১৩/০৯/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপ্রতাদি ও সার্বিক পর্যালোচনায় তাকে “তিরস্কার” দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ ইউনুস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরগঞ্জ, কুমিল্লা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ক) অনুযায়ী “তিরস্কার” সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৬০.২০২৩. ৫৭৫/২(৬)

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৬ অক্টোবর ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোহাম্মদ ইউনুস এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সরকারি মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৬। জনাব মোহাম্মদ ইউনুস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরগঞ্জ, কুমিল্লা।


(মো: শাহীনুর ইসলাম) ২৬/১০/২০২৩
উপসচিব